

অদ্য ২১/০৯/২০১৬ খ্রি: তারিখে কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূসক এর সভাপতিত্বে এ দপ্তরের যুগ্ম-কমিশনার-২ ও সহকারী কমিশনার (পরিসংখ্যান ও মনিটরিং)সহ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ বিভাগ এর প্রতিনিধিদের উপস্থিতিতে ২০১৫-১৬ অর্থবছরের রাজস্ব আদায় তথ্যের Reconciliation সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় রাজস্ব আদায় তথ্যের মধ্যে এলটিইউ, ভ্যাট এবং সিজিএ দপ্তরের পার্থক্য সৃষ্টির কারণ উৎঘাটন করা হয় এবং তা নিরসনের জন্য বাংলাদেশ ব্যাংক, সোনালী ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা(ঢাকা/চট্টগ্রাম), DAO (ঢাকা/চট্টগ্রাম) এবং জাতীয় রাজস্ব বোর্ডের মূসক নীতি ও বাজেট এর মনোনীত প্রতিনিধিদের উপস্থিতিতে পরবর্তীতে সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়।